

## কিয়ামত দিবস পৃথিবীর পঞ্চাশ হাজার বছরের সমান

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

**আজকের আলোচনার বিষয়বস্তু :** কিয়ামত দিবস পৃথিবীর পঞ্চাশ হাজার বছরের সমান

فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ ۚ

(সূরা আল মারিজ, আয়াত : 4)

**অর্থ:** কিয়ামত দিবস পৃথিবীর ৫০ হাজার বছরের সমান

পৃথিবীতে মানুষের আয়ু ৫০/১০০ বছর বা তার কিছু বেশি - কিয়ামতের তুলনায় যা অতি নগন্য সময়। পবিত্র কোরান শরীফের বিভিন্ন জায়গায় বলা হয়েছে:

- সেদিন মনে হবে তাদের অবস্থিতি দিবসের মুহূর্তকাল মাত্র ছিল। - সূরা ইউনুস , আয়াত: ৪৫
- এবং তোমরা মনে করবে তোমরা অল্প কাল অবস্থান করেছিলে। - সূরা বনী ইস্রায়েল , আয়াত: ৫২
- সেদিন তারা নিজেদের মধ্যে বলাবলি করবে, " তোমরা মাত্র ১০ দিন অবস্থান করেছিলে। "- সূরা ত্ব-হা, আয়াত: ১০৩
- তোমাদের মধ্যে যে অপেক্ষাকৃত সৎপথে ছিল সে বলবে, "তোমরা মাত্র ১ দিন অবস্থান করেছিলে। "- সূরা ত্ব-হা, আয়াত: ১০৪
- তারা বলবে আমরা অবস্থান করেছিলাম ১ দিনের কিছু অংশ - সূরা মুমিনুন, আয়াত: ১১৩

- যেদিন কিয়ামত অনুষ্ঠিত হবেঃ, সেদিন পাপীরা শপথ করে বলবে তারা মুহূর্তকালের বেশি অবস্থান করেনি। - সূরা আর রুম, আয়াত: ৫৫
- যখন তারা ওই জিনিস দেখতে পাবে, যা বিষয় ওদেরকে ভয় দেখানো হচ্ছে - তখন তাদের এমন মনে হবে তারা দুনিয়ায় একটি মাত্র ক্ষণের বেশি ছিল না - সূরা আল আহকাফ, আয়াত:৩৬
- যেদিন তারা এটা দেখবে সেদিন তাদের মনে হবে যেন তারা পৃথিবীতে এক সন্ধ্যা বা এক সকালের বেশি অবস্থান করেনি। - সূরা আন নাজিয়াত, আয়াত: ৪৬

প্রিয় ভাই ও বোনেরা আসুন আমরা আখিরাতের অনন্ত জীবনের প্রস্তুতি গ্রহন করি।  
সঠিকভাবে দ্বীন পরিপালন করি। আল্লাহ আমাদের কে হেদায়াত দান করুন।

**আমীন।**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।**